

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উত্তাবন শাখা



এ.পি.এ. টিমের ১০ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান
সভার তারিখ	২৯ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ মিনিট
স্থান	ভার্চুয়াল মাধ্যম
উপস্থিতি	ভার্চুয়াল সভা

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের ফোকাল পয়েন্ট ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ২৫ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত এ.পি.এ. টিমের ৯ম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৯ (নয়) মাস ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৯ (নয়) মাসের অগ্রগতি জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ.'র ৯ (নয়) মাসের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। ০৯ মাসের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমটির অগ্রগতি সন্তোষজনক নয়। এছাড়া শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ কার্যক্রমের কোন অগ্রগতি হয়নি। এ বিষয়ে সভাপতি ফোকাল পয়েন্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিচালক আশ্বস্ত করেছেন যে, নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রমটি সম্পন্ন করা হবে। শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ কার্যক্রমটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সেসিপ প্রকল্প হতে বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে সেসিপ প্রকল্পের যুগ্ম প্রোগ্রাম পরিচালককে দ্রুত সময়ে শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অগ্রগতি সন্তোষজনক। তবে ৩.৩.১ কার্যক্রমে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি ও ৩.৩.২ কার্যক্রমে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত এর অগ্রগতি সন্তোষজনক নয়। তিনি আরো বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ.'র খসড়া ০৬ মে ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের নির্দেশনা পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ.'র খসড়া প্রস্তুতের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। সভাপতি অডিট কার্যক্রম নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রমে গ্রহণের নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে এ.পি.এ. কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

৩.১	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমটি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দিতে হবে;
৩.২	শিক্ষকদের আইসিটি প্রশিক্ষণ কার্যক্রমটি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাগিদ পত্র দিতে হবে;
৩.৩	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাতে হবে;
৩.৪	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে;
৩.৫	২০২১-২০২২ অর্থবছরের এ.পি.এ.'র খসড়া নির্দিষ্ট সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ.
টিম প্রধান


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৮৩

তারিখ: ২১ বৈশাখ ১৪২৮

০৪ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) উপসচিব (সংযুক্ত), কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)